

জারিয়ে ... 6 MAY 1987

পঠা... ... পঁকলাম... ১... ...

২২ (২) টেলিফোন ১৩৭৪ ৮৩৮

# চৈতিক ইন্ডিলাব



163

## উপজেলা পরিক্রমা

### শ্রীপুর

গাজীপুর, ৫ মে (সংবাদদাতা)।—  
গাজীপুর জেলার উত্তরের প্রাচৰে ১শ' ৯১টি  
গ্রাম ও ১৩টি ইউনিয়ন নিয়ে শ্রীপুর  
উপজেলা গঢ়িত। এ উপজেলার আয়তন  
১৭৮.১৯ বর্গমাইল। এ উপজেলার মোট  
জনসংখ্যার ১২১৮২ জন পুরুষ ও  
১১৭১৫৬ জন মহিলা। লোক সংখ্যার  
বৃদ্ধির হার ২.৯২%।

#### শিক্ষা

শ্রীপুর উপজেলায় ১০২টি সরকারী,  
২৭টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়,  
১২টি উচ্চ বালক ও ৩টি উচ্চ বালিকা  
বিদ্যালয়, ৫টি জুনিয়র বালিকা ও ৩টি  
জুনিয়র বালিকা বিদ্যালয়, ৪টি সিনিয়র ও  
৫টি জুনিয়র মাদ্রাসা ও ১টি বেসরকারী  
কলেজ রয়েছে। এ উপজেলায় মোট  
শিক্ষার হার ১৯%।

#### যোগাযোগ

শ্রীপুর উপজেলায় কাঁচা-পাকা মোট ৪শ'  
৩১ মাইল রাস্তা রয়েছে। এর মধ্যে ১৯  
মাইল পাকা, ১১ মাইল আধাপাকা ও  
১০টি ৩৩ মাইল কাঁচা রাস্তা। এ  
উপজেলায় ৫টি রেল স্টেশন ও ১২টি  
বাস স্টেশন আছে। এ উপজেলার সাথে  
অন্য উপজেলার যোগাযোগ বাবহী  
মোটেই উম্মত নয়।

#### কৃষি

কৃষি অর্থনীতি নির্ভর এ উপজেলার মোট

জমির পরিমাণ ১১৪.০৪৩ একর। এর  
মধ্যে আবাদী জমির পরিমাণ ৭৮.৯৭৬  
একর এবং অনাবাদী জমির পরিমাণ  
৩৪.৭। একর। আবাদী জমির মধ্যে  
৬.৭৫৫ একর তিনফসলী, ৩৪.৮৮৬  
একর দুইফসলী ও ৩.৭.৩৩৫ একর  
একফসলী।

সেচ সুবিধা নিশ্চিত করার জন্য ২৭১টি  
পাওয়ার পাস্প, ২৩টি গভীর নলকৃপ এবং  
২৯টি অগভীর নলকৃপ স্থাপন করা  
হয়েছে। প্রধান অর্থকরী ফসলের মধ্যে  
ধান, পাট, আখ, গম, সরিষা ও বিভিন্ন  
শাক-সজি উল্লেখযোগ্য।

#### চিকিৎসা

শ্রীপুর উপজেলায় ১টি স্বাস্থ্য কমপ্লেক্স সহ  
৭টি স্বাস্থ্য উপকেন্দ্র রয়েছে।

#### শিল্প

শ্রীপুর উপজেলা শিল্প মোটেই উম্মত  
নয়। এখানে ১২টি রাইস মিল, ৩৭টি  
অটা কল ও ৩২টি তেলের মিল রয়েছে।

#### শর্ম

শ্রীপুর উপজেলায় মোট লোক সংখ্যার  
২২৭৪০৩ জন মুসলমান, ১১২২৮ জন  
হিন্দু, ১৫২ জন খ্রিস্টান, ১০ জন বৌদ্ধ ও  
অন্যান্য ১৯১ জন। এ উপজেলায়  
৪৬৬টি মসজিদ, ৫টি মন্দির ও ২টি গীর্জা  
রয়েছে।